

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৪৪৪

৬/ মুসাফির ব্যক্তির সালাত ও তা ক্বসর করার বর্ণনা (کتاب صلاة المسافرين وقصرها) পরিচ্ছেদঃ ৬/২৮. ঐ ব্যক্তির ব্যাপারে যা বর্ণিত হয়েছে যে সকাল পর্যন্ত সমস্ত রাত্রি ঘুমাল।

ما روي فيمن نام الليل أجمع حتى أصبح

আরবী

حديث أَبِي هُرَيْرَةَ رضي الله عنه، أَنَّ رَسُولَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يَعْقِدُ الشَّيْطَانُ عَلَى قَافِيَةِ رَأْسِ أَحَدِكُمْ إِذَا هُوَ نَامَ ثَلاَثَ عُقَدٍ؛ يَضْرِبُ عَلَى كُلِّ عُقْدَةٍ، عَلَيْكَ لَيْكُ طُويِلٌ فَارْقُدْ، فَإِن اسْتَيْقَظَ فَذَكَرَ الله انْحَلَّتْ عُقْدَةً، فَإِنْ تَوَضَّاً انْحَلَّتْ عُقْدَةً، فَإِنْ صَلَّى انْحَلَّتْ عُقْدَةً، فَإِنْ اللهَ انْحَلَّتْ عُقْدَةً، فَإِنْ اللهَ انْحَلَّتْ عُقْدَةً، فَإِنْ اللهَ انْحَلَّتْ عُقْدَةً، فَإِنْ تَوضَاً انْحَلَّتْ عُقْدَةً، فَإِنْ اللهَ انْدُلُنَ صَلَّى انْحَلَّتْ عُقْدَةً، فَأَصْبَحَ خَبِيثَ النَّفْسِ كَسْلاَنَ

বাংলা

888. আবৃ হুরায়রাহ্ (রাযি.) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন ঘুমিয়ে পড়ে তখন শয়তান তার ঘাড়ের পশ্চাদংশে তিনটি গিঁট দেয়। প্রতি গিঁটে সে এ বলে চাপড়ায়, তোমার সামনে রয়েছে দীর্ঘ রাত, অতএব তুমি শুয়ে থাক। অতঃপর সে যদি জাগ্রত হয়ে আল্লাহকে স্মরণ করে একটি গিঁট খুলে যায়, পরে উযু করলে আর একটি গিঁট খুলে যায়, অতঃপর সালাত আদায় করলে আর একটি গিঁট খুলে যায়। তখন তার প্রভাত হয়, প্রফুল্ল মনে ও নির্মল চিত্তে। অন্যথায় সে সকালে উঠে কলুষিত মনে ও অলসতা নিয়ে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৯ ; তাহাজ্জুদ, অধ্যায় ১২, হাঃ ১১৪২; মুসলিম, পর্ব ৬ মুসাফির ব্যক্তির সালাত ও তা কৃসর করার বর্ণনা, অধ্যায় ২৮, হাঃ ৭৭৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন